Media Coverage of UAP Research Excellence Award 2026

ইউএপিতে রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬

https://www.facebook.com/watch/?v=1528064202365058

https://www.youtube.com/watch?v=495FLmyQ1IM

https://www.youtube.com/watch?v=pwQR1YrZgng

https://www.youtube.com/watch?v=Ojm4nroG1_M

গবেষকদের হাতে উঠল রিসার্চ এক্সিলেন্স এওয়ার্ড ২০২৬, ইউএপিতে গর্ব ও আনন্দের বন্যা #AsiaPasificUniversity #ইউএপি #গবেষণা

https://www.facebook.com/watch/?v=1447144594135163

কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পিএইচডির সুযোগ দেওয়া হবে: ইউজিসি চেয়ারম্যান | bdnews24 মান বিবেচনায় কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয়ে...

https://www.facebook.com/watch/?v=1795922615164437

https://www.youtube.com/watch?v=_uXorzW4Jjg

https://bangla.bdnews24.com/tube/c574e64cc369

০৮ সেপ্টেম্বর ২০২৬

কালের কণ্ঠ

যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়কে পিএইচডির সুযোগ দেওয়ার কথা ভাবছে ইউজিসি

▶ বিস্তারিত কমেন্টে...

https://www.facebook.com/kalerkantho/posts/1564556342372352/

University Grants Commission of Bangladesh

https://www.facebook.com/share/p/1EwD2Rr7qc/

BSS NEWS
Online portal of Bangladesh Sangbad Sangstha

UGC considering allowing qualified private universities to offer PhD degrees

Photo: BSS

DHAKA, Sept 8, 2026 (BSS) - University Grants Commission (UGC) Chairman Prof Dr Mamun Ahmed today said the commission is considering allowing qualified private universities with adequate infrastructure, research quality and academic capacity to offer PhD degrees.

"However, all universities will not be given this opportunity indiscriminately. Approval will depend on specific qualifications, research standards, transparency and academic integrity," he said.

He was speaking as the chief guest at the 'Research Excellence Award 2026' ceremony at the University of Asia Pacific (UAP) in the capital. Prof Mamun said the UGC would ensure quality research and PhD programmes, with strict measures against irregularities.

He stressed expanding PhD and post-doctoral research opportunities to address the shortage of qualified teachers and researchers and improve higher education quality.

Regarding private university governance, he said boards of trustees and academic administration must operate within their legal jurisdictions, with trustees barred from interfering in academic administration.

https://www.bssnews.net/news/422523

bdnews24.com

UAP honours six faculty members with Research Excellence Award

The awards have been presented as the university marks its 30th anniversary

The University of Asia Pacific (UAP) has honoured six faculty members for their contributions to research, publication and innovation at its Research Excellence Award 2026.

The awards were presented at the UAP Auditorium on Tuesday as part of the university's 30th anniversary celebrations, the university said in a media statement.

Prof Tanveer Ferdous Saeed of the Department of Civil Engineering received the Gold Medal, Crest and Certificate for securing first place.



The other top awardees were:

- Prof Mohiuddin Ahmed Bhuiyan, Department of Pharmacy, Silver Medal, Crest and Certificate
- Prof Mohammad Shahriar, Department of Pharmacy, Bronze Medal, Crest and Certificate

Three other emerging researchers were also given Crests and Certificates for their research achievements.

University Grants Commission (UGC) Chairman Mamun Ahmed and UAP Board of Trustees Chairman KM Mozibul Hoque attended the ceremony, which was presided over by UAP Acting Vice-Chancellor Prof Dr Mohiuddin Ahmed Bhuiyan.

Bhuiyan urged faculty members to make greater use of UAP's research facilities, resources and budget support, saying stronger research is key to academic excellence and the university's reputation.

Hoque said the Board of Trustees, teachers, officers and employees had worked over the past 30 years to advance UAP's education, research and knowledge creation.

UGC chief Mamun said public and private universities share the same core mission of ensuring quality education and advancing knowledge.

He called for research to go beyond publications, with greater focus on knowledge creation, innovation and solutions to social challenges.

The event also featured the launch of the UAP Research Policy Booklet and leaflet, a showcase of departmental research activities, and a promotional video on the university's Institute for Research, Innovation and Development (IRID).

The initiative "reflects UAP's growing focus on research quality, Q1 and Q2 publications, innovation and impactful research, while encouraging stronger research engagement to strengthen the university's national and international academic standing".

https://bdnews24.com/campus/23874df26e45

The New Nation
Independent Daily
Founder : Barrister Mainul Hosein

UAP honours six faculty members with Research Excellence Award

The University of Asia Pacific (UAP) on Tuesday organised the UAP Research Excellence Award 2026 at the UAP Auditorium, recognising outstanding contributions to research, innovation, knowledge creation, publications and academic excellence.

The event, organised by the Institute for Research, Innovation and Development (IRID), was held as part of UAP's 30th anniversary celebrations.

Six distinguished faculty members were recognised for their achievements in research and publications. Prof Dr Tanveer Ferdous Saeed of the Department of Civil Engineering received the gold medal, crest and certificate for securing first place.

Prof Dr Mohiuddin Ahmed Bhuiyan and Prof Dr Mohammad Shahriar of the Department of Pharmacy received the silver medal, crest and certificate and bronze medal, crest and certificate, respectively.

Prof Dr Zabun Nahar, Prof Dr SM Ashraful Islam, and Prof Dr Md Ashraful Alam were honoured with awards, crests, and certificates in recognition of their outstanding contributions and achievements in research.

Prof Dr Mamun Ahmed, chairman of the University Grants Commission (UGC), attended the programme as the chief guest.

K M Mozibul Hoque, chairman of the Board of Trustees (BOT) of UAP, was present as the special guest, while Prof Dr Mohiuddin Ahmed Bhuiyan, acting vice-chancellor of UAP, chaired the programme.

In his remarks, Prof Mohiuddin Ahmed Bhuiyan urged faculty members to make greater use of UAP's research facilities, resources and budgetary support, stressing that stronger research is essential to academic excellence and institutional reputation.

KM Mozibul Hoque said the BOT, along with UAP teachers, officers and employees, had worked with dedication and responsibility to advance the university's progress over the past three decades in education, research and knowledge creation.

UGC Chairman Prof Mamun Ahmed said public and private universities shared the same fundamental mission of ensuring quality education and advancing knowledge.

He stressed that research should go beyond publications and focus on knowledge creation, innovation and solutions to societal challenges.

The programme also featured the launch of the UAP Research Policy Booklet and leaflet, a showcase of departmental research activities and a promotional video on UAP-IRID. Members of the board of trustees, vice-chancellors of different universities, faculty members, officials, researchers, students and other members of the UAP community attended the event.

The initiative reflects UAP's growing emphasis on research quality, Q1 and Q2 publications, innovation and impactful research, while encouraging greater research engagement to strengthen the university's national and international academic standing.

https://dailynewnation.com/news/855090

The Daily Express
VOICE FOR PEOPLE

UAP celebrates academic excellence with Annual Research Awards

The University of Asia Pacific (UAP) on Tuesday organised the UAP Research Excellence Award 2026 at the UAP Auditorium, recognising outstanding contributions to research, innovation, knowledge creation, publications and academic excellence.

The event, organised by the Institute for Research, Innovation and Development (IRID), was held as part of UAP's 30th anniversary celebrations.

Six distinguished faculty members were recognised for their achievements in research and publications. Prof Dr Tanveer Ferdous Saeed of the Department of Civil Engineering received the gold medal, crest and certificate for securing first place.

Prof Dr Mohiuddin Ahmed Bhuiyan and Prof Dr Mohammad Shahriar of the Department of Pharmacy received the silver medal, crest and certificate and bronze medal, crest and certificate, respectively.

Three other emerging researchers were also recognised with crests and certificates for their research achievements.

Prof Dr Mamun Ahmed, chairman of the University Grants Commission (UGC), attended the programme as the chief guest.

K M Mozibul Hoque, chairman of the Board of Trustees (BOT) of UAP, was present as the special guest, while Prof Dr Mohiuddin Ahmed Bhuiyan, acting vice-chancellor of UAP, chaired the programme.

Prof Md Mehedi Hasan Khan and Prof Dr Md Aslam Hossain, both members of the UGC, attended as guests of honour.

In his remarks, Prof Mohiuddin Ahmed Bhuiyan urged faculty members to make greater use of UAP's research facilities, resources and budgetary support, stressing that stronger research is essential to academic excellence and institutional reputation.

KM Mozibul Hoque said the BOT, along with UAP teachers, officers and employees, had worked with dedication and responsibility to advance the university's progress over the past three decades in education, research and knowledge creation.

UGC Chairman Prof Mamun Ahmed said public and private universities shared the same fundamental mission of ensuring quality education and advancing knowledge.

He stressed that research should go beyond publications and focus on knowledge creation, innovation and solutions to societal challenges.

The programme also featured the launch of the UAP Research Policy Booklet and leaflet, a showcase of departmental research activities and a promotional video on UAP-IRID.

Members of the board of trustees, vice-chancellors of different universities, faculty members, officials, researchers, students and other members of the UAP community attended the event.

https://thedailyexpress.news/news/section/1f1ac484-5198-6840-a5e6-32ba891d530d

Dhaka Tribune
Breaking News || Breaking Barriers

UAP honours outstanding researchers with Research Excellence Awards

The initiative highlights UAP's focus on research excellence, innovation and impactful publications

Six distinguished UAP faculty members were recognised for their achievements in research and publications on Tuesday. Photo: UAP

The University of Asia Pacific (UAP) on Tuesday organised the UAP Research Excellence Award 2026 at the UAP Auditorium, recognising outstanding contributions to research, innovation, knowledge creation, publications and academic excellence.

The event, organised by the Institute for Research, Innovation and Development (IRID), was held as part of UAP's 30th anniversary celebrations.

Six distinguished faculty members were recognised for their achievements in research and publications. Prof Dr Tanveer Ferdous Saeed of the Department of Civil Engineering received the gold medal, crest and certificate for securing first place.

Prof Dr Mohiuddin Ahmed Bhuiyan and Prof Dr Mohammad Shahriar of the Department of Pharmacy received the silver medal, crest and certificate and bronze medal, crest and certificate, respectively.

Three other emerging researchers were also recognised with crests and certificates for their research achievements.

Prof Dr Mamun Ahmed, chairman of the University Grants Commission (UGC), attended the programme as the chief guest.

K M Mozibul Hoque, chairman of the Board of Trustees (BOT) of UAP, was present as the special guest, while Prof Dr Mohiuddin Ahmed Bhuiyan, acting vice-chancellor of UAP, chaired the programme.

In his remarks, Prof Mohiuddin Ahmed Bhuiyan urged faculty members to make greater use of UAP's research facilities, resources and budgetary support, stressing that stronger research is essential to academic excellence and institutional reputation.

KM Mozibul Hoque said the BOT, along with UAP teachers, officers and employees, had worked with dedication and responsibility to advance the university's progress over the past three decades in education, research and knowledge creation.

UGC Chairman Prof Mamun Ahmed said public and private universities shared the same fundamental mission of ensuring quality education and advancing knowledge.

He stressed that research should go beyond publications and focus on knowledge creation, innovation and solutions to societal challenges.

The programme also featured the launch of the UAP Research Policy Booklet and leaflet, a showcase of departmental research activities and a promotional video on UAP-IRID. Members of the board of trustees, vice-chancellors of different universities, faculty members, officials, researchers, students and other members of the UAP community attended the event.

https://www.dhakatribune.com/419400

DAILY TIMES OF BANGLADESH

UAP honours six faculty researchers at 30th anniversary awards

Photo: Courtesy

University of Asia Pacific (UAP) recognised six faculty members for contributions to research and publications at the UAP Research Excellence Award 2026, held at the UAP Auditorium on Tuesday as part of the university's 30th anniversary celebrations.

The Institute for Research, Innovation and Development (IRID) of UAP organised the event on 8 September to recognise research, innovation, knowledge creation, publications and academic

excellence, UAP said in a press release. Tanveer Ferdous Saeed of the Department of Civil Engineering secured first place, receiving a Gold Medal, Crest and Certificate.

Mohiuddin Ahmed Bhuiyan and Mohammad Shahriar, both from the Department of Pharmacy, received the Silver Medal, Crest and Certificate and the Bronze Medal, Crest and Certificate, respectively. Three other rising researchers were also recognised with Crests and Certificates for their research achievements.

Mamun Ahmed, Chairman of the University Grants Commission (UGC), attended as chief guest. K M Mozibul Hoque, Chairman of the Board of Trustees (BOT) of UAP, was special guest, while Mohiuddin Ahmed Bhuiyan, Acting Vice Chancellor of UAP, chaired the programme.Mohiuddin encouraged faculty members to make greater use of UAP's research facilities, resources and budgetary support, saying stronger research was essential for academic excellence and institutional reputation.

Mozibul Hoque said the BOT, together with UAP's teachers, officers and employees, had worked with dedication and responsibility over the past 30 years to advance the university in education, research and knowledge creation.

Mamun said public and private universities shared the same fundamental mission of ensuring quality education and advancing knowledge. He said research should go beyond publication and focus on knowledge creation, innovation and solutions to societal challenges.

The programme also featured the launch of the UAP Research Policy Booklet and leaflet, a showcase of departmental research activities and a promotional video on UAP-IRID.

Members of the Board of Trustees, vice chancellors of different universities, faculty members, officials, researchers, students and other members of the UAP community attended the event.

UAP said the initiative reflected its emphasis on research quality, Q1 and Q2 publications, innovation and impactful research, while seeking greater research engagement to strengthen its national and international academic standing.

https://tob.news/uap-honours-six-faculty-researchers-at-30th-anniversary-awards/

বিএসএস নিউজ
বাংলাদেশ সংবাদ সংস্থার অনলাইন পোর্টাল

যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়কে পিএইচডি ডিগ্রি প্রদানের সুযোগ দেওয়ার বিষয়টি বিবেচনায় আছে : ইউজিসি চেয়ারম্যান

ছবি : বাসস

ঢাকা, ৮ সেপ্টেম্বর, ২০২৬ (বাসস) : দেশের যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনীয় অবকাঠামো, মানসম্মত গবেষণা ও একাডেমিক সক্ষমতা রয়েছে, সেসব যোগ্য প্রতিষ্ঠানকে পিএইচডি ডিগ্রি প্রদানের সুযোগ দেওয়ার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে বলে জানিয়েছেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ।

তিনি বলেন, 'তবে সব বিশ্ববিদ্যালয় ঢালাওভাবে এই সুযোগ পাবে না। গবেষণার মানদণ্ড, স্বচ্ছতা ও একাডেমিক সততা নিশ্চিত করেই কেবল নির্দিষ্ট যোগ্যতার ভিত্তিতে এই অনুমোদন দেওয়া হবে।'

আজ মঙ্গলবার রাজধানীর গ্রিন রোডে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) 'রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬' প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা জানান।

অধ্যাপক মামুন বলেন, 'আমরা চাই মানসম্মত গবেষণা এবং সেই গবেষণার মাধ্যমে অর্জিত মানসম্মত পিএইচডি। পিএইচডি ডিগ্রি প্রদানের ক্ষেত্রে কোনো ধরনের অনিয়ম বা মানহীনতার অভিযোগ যাতে না ওঠে, সে বিষয়ে ইউজিসি কঠোর অবস্থান বজায় রাখবে।'

দেশে মানসম্পন্ন শিক্ষক ও গবেষক সংকট কাটানোর ওপর জোর দিয়ে ইউজিসি চেয়ারম্যান বলেন, উচ্চশিক্ষার গুণগত মান বাড়াতে দেশেই পিএইচডি ও পোস্ট-ডক্টরাল গবেষণার সুযোগ ও পরিধি আরও বাড়ানো প্রয়োজন। যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো এই জায়গায় বড় ভূমিকা রাখতে পারে।

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ প্রশাসনিক শৃঙ্খলা প্রসঙ্গে অধ্যাপক মামুন আহমেদ বলেন, ট্রাস্টি বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রশাসনকে নিজ নিজ আইনগত সীমানা ও দায়িত্ব মেনে পরিচালনা করতে হবে। কোনোভাবেই ট্রাস্টি বোর্ড একাডেমিক প্রশাসনের দৈনন্দিন বা নীতিগত কাজে হস্তক্ষেপ করতে পারবে না। তিনি জানান, বর্তমানে ইউজিসিকে ট্রাস্টি বোর্ডের ভেতরের দ্বন্দ্ব এবং ট্রাস্টি বোর্ডের সঙ্গে একাডেমিক প্রশাসনের ক্ষমতার বিরোধ সামলাতে নিয়মিত হিমশিম খেতে হচ্ছে।

‘বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০’-এ ট্রাস্টি বোর্ড ও প্রশাসনের দায়িত্ব পরিষ্কারভাবে ভাগ করা আছে উল্লেখ করে তিনি সবাইকে আইন মেনে নিজ নিজ দায়িত্ব পালনের তাগিদ দেন।

ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইউএপির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান কে এম মোজিবুল হক এবং বিশ্ববিদ্যালয়টির ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের পরিচালক অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ।

https://www.bssnews.net/bangla/national/339501

প্রথম আলো

যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পিএইচডি করার সুযোগ দেওয়া বিবেচনা করছে ইউজিসি

বিশেষ প্রতিবেদক

ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক মামুন আহমেদ। গ্রিন রোড, ঢাকা। ৮ সেপ্টেম্বর *ছবি: ইউজিসির সৌজন্যে*

দেশের যোগ্য ও সক্ষম বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে পিএইচডি করার সুযোগ দেওয়ার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। গবেষণার মান ও একাডেমিক সততা নিশ্চিত করেই এ সুযোগ দেওয়া হবে। তবে সব বেসরকারি বিশ্ববিদ্যালয় পিএইচডি ডিগ্রি দেওয়ার সুযোগ পাবে না।

আজ মঙ্গলবার রাজধানীর গ্রিন রোডে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের ‘রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬’ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক মামুন আহমেদ এ কথা বলেন। পরে ইউজিসির সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

ইউজিসি চেয়ারম্যান বলেন, সব বেসরকারি বিশ্ববিদ্যালয় পিএইচডি ডিগ্রি দেওয়ার সুযোগ পাবে না। প্রয়োজনীয় যোগ্যতা ও সক্ষমতা থাকা বিশ্ববিদ্যালয়গুলোকে নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে এ সুযোগ দেওয়া

হবে। পিএইচডি ডিগ্রি অর্জনের ক্ষেত্রে অনিয়মের অভিযোগ যাতে না ওঠে, সে জন্য গবেষণার মান নিশ্চিত করার ওপর জোর দেন ইউজিসি চেয়ারম্যান।

অধ্যাপক মামুন আহমেদ বলেন, 'আমরা চাই মানসম্মত গবেষণা এবং সেই মানসম্মত গবেষণার মাধ্যমে মানসম্মত পিএইচডি।' দেশে যোগ্য শিক্ষক ও গবেষকের সংকট রয়েছে উল্লেখ করে ইউজিসি চেয়ারম্যান বলেন, এ সংকট কাটাতে পিএইচডি ও পোস্ট ডক্টরাল গবেষণার সুযোগ বাড়ানো প্রয়োজন।

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাঠামো প্রসঙ্গে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক মামুন আহমেদ বলেন, ট্রাস্টি বোর্ড ও একাডেমিক প্রশাসনকে নিজ নিজ দায়িত্বের সীমারেখা মেনে কাজ করতে হবে। ট্রাস্টি বোর্ড একাডেমিক প্রশাসনের কাজে হস্তক্ষেপ করবে না।

বর্তমানে ইউজিসিকে ট্রাস্টি বোর্ডের অভ্যন্তরীণ দ্বন্দ্বের পাশাপাশি ট্রাস্টি বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রশাসনের মধ্যকার বিরোধও সামলাতে হচ্ছে বলে উল্লেখ করেন ইউজিসি চেয়ারম্যান।

ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক মহিউদ্দিন আহমেদ ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়টির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান কে এম মোজিবুল হক, ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের পরিচালক অধ্যাপক তানভীর ফেরদৌস সাঈদ।

https://www.prothomalo.com/education/yx1599o6qr

কালের কণ্ঠ

যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়কে পিএইচডির সুযোগ দেওয়ার কথা ভাবছে ইউজিসি

দেশের যোগ্য ও সক্ষম বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে পিএইচডি ডিগ্রি প্রদানের সুযোগ দেওয়ার বিষয়টি বিবেচনা করছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। তবে গবেষণার মান ও একাডেমিক সততা নিশ্চিত করেই এ সুযোগ দেওয়া হবে।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) রাজধানীর গ্রিন রোডে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) ‘রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬’ প্রদান অনুষ্ঠানে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ এ কথা জানান।

তিনি বলেন, সব বেসরকারি বিশ্ববিদ্যালয় পিএইচডি ডিগ্রি দেওয়ার সুযোগ পাবে না। প্রয়োজনীয় যোগ্যতা ও সক্ষমতা থাকা বিশ্ববিদ্যালয়গুলোকে নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে এ সুযোগ দেওয়া হবে।

পিএইচডি ডিগ্রি অর্জনের ক্ষেত্রে অনিয়মের অভিযোগ যাতে না ওঠে, সেজন্য গবেষণার মান নিশ্চিত করার ওপর জোর দেন তিনি।

অধ্যাপক মামুন আহমেদ বলেন, ‘আমরা চাই মানসম্মত গবেষণা এবং সেই মানসম্মত গবেষণার মাধ্যমে মানসম্মত পিএইচডি।’

দেশে যোগ্য শিক্ষক ও গবেষকের সংকট রয়েছে উল্লেখ করে তিনি বলেন, এ সংকট কাটাতে পিএইচডি ও পোস্টডক্টরাল গবেষণার সুযোগ বাড়ানো প্রয়োজন।

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাঠামো প্রসঙ্গে ইউজিসি চেয়ারম্যান বলেন, ট্রাস্টি বোর্ড ও একাডেমিক প্রশাসনকে নিজ নিজ দায়িত্বের সীমারেখা মেনে কাজ করতে হবে। ট্রাস্টি বোর্ড একাডেমিক প্রশাসনের কাজে হস্তক্ষেপ করবে না।

বর্তমানে ইউজিসিকে ট্রাস্টি বোর্ডের অভ্যন্তরীণ দ্বন্দ্বের পাশাপাশি ট্রাস্টি বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রশাসনের মধ্যকার বিরোধও সামলাতে হচ্ছে বলে জানান তিনি। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এ সংশ্লিষ্টদের দায়িত্ব ও ভূমিকা স্পষ্টভাবে উল্লেখ রয়েছে জানিয়ে মামুন আহমেদ বলেন, সবাই নিজ নিজ দায়িত্ব পালন করলে এ ধরনের বিরোধের কারণ থাকার কথা নয়।

ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন ইউএপির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান কে এম মোজিবুল হক এবং বিশ্ববিদ্যালয়টির ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের পরিচালক অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ।

https://www.kalerkantho.com/online/campus-online/2026/09/08/1736479

আমার দেশ
স্বাধীনতার কথা বলে

বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে পিএইচডি ডিগ্রি প্রদানের সুযোগ দেওয়ার চিন্তা ইউজিসির

দেশের যোগ্য ও সক্ষম বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে পিএইচডি ডিগ্রি প্রদানের সুযোগ দেওয়ার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)। তবে গবেষণার মান ও একাডেমিক সততা নিশ্চিত করেই এ সুযোগ দেওয়া হবে।

বিজ্ঞাপন

মঙ্গলবার রাজধানীর গ্রিন রোডে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) ‘রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬’ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ এ কথা বলেন।

তিনি বলেন, সব বেসরকারি বিশ্ববিদ্যালয় পিএইচডি ডিগ্রি দেওয়ার সুযোগ পাবে না। প্রয়োজনীয় যোগ্যতা ও সক্ষমতা থাকা বিশ্ববিদ্যালয়গুলোকে নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে এ সুযোগ দেওয়া হবে।

পিএইচডি ডিগ্রি অর্জনের ক্ষেত্রে অনিয়মের অভিযোগ যাতে না ওঠে, সে জন্য গবেষণার মান নিশ্চিত করার ওপর জোর দেন ইউজিসি চেয়ারম্যান।

অধ্যাপক মামুন আহমেদ বলেন, ‘আমরা চাই মানসম্মত গবেষণা এবং সেই মানসম্মত গবেষণার মাধ্যমে মানসম্মত পিএইচডি।’

দেশে যোগ্য শিক্ষক ও গবেষকের সংকট রয়েছে উল্লেখ করে তিনি বলেন, এ সংকট কাটাতে পিএইচডি ও পোস্টডক্টরাল গবেষণার সুযোগ বাড়ানো প্রয়োজন।

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাঠামো প্রসঙ্গে ইউজিসি চেয়ারম্যান বলেন, ট্রাস্টি বোর্ড ও একাডেমিক প্রশাসনকে নিজ নিজ দায়িত্বের সীমারেখা মেনে কাজ করতে হবে।

ট্রাস্টি বোর্ড একাডেমিক প্রশাসনের কাজে হস্তক্ষেপ করবে না, বলেন তিনি।

বর্তমানে ইউজিসিকে ট্রাস্টি বোর্ডের অভ্যন্তরীণ দ্বন্দ্বের পাশাপাশি ট্রাস্টি বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রশাসনের মধ্যকার বিরোধও সামলাতে হচ্ছে বলে জানান তিনি।

বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এ সংশ্লিষ্টদের দায়িত্ব ও ভূমিকা স্পষ্টভাবে উল্লেখ রয়েছে জানিয়ে মামুন আহমেদ বলেন, সবাই নিজ নিজ দায়িত্ব পালন করলে এ ধরনের বিরোধের কারণ থাকার কথা নয়।

ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন ইউএপির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান কে এম মোজিবুল হক এবং বিশ্ববিদ্যালয়টির ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের পরিচালক অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ।

https://www.dailyamardesh.com/education/campus/amdr6lmh03fwb

THE DAILY CAMPUS

সেরা গবেষকদের সম্মাননা দিতে ইউএপিতে অনুষ্ঠিত হলো ‘রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬’

ইউএপিতে রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড পেলেন গবেষকরা© টিডিসি ছবি

গবেষণা, উদ্ভাবন, জ্ঞানসৃষ্টি, মানসম্মত প্রকাশনা ও একাডেমিক উৎকর্ষে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি দিতে ‘ইউএপি রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬’ প্রদান করেছে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি)। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) রাজধানীর গ্রীন রোডে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে ছয়জন শিক্ষক-গবেষককে তাঁদের উল্লেখযোগ্য গবেষণা ও প্রকাশনার জন্য পুরস্কৃত করা হয়।

ইউএপির ৩০ বছর পূর্তি উদ্যাপনের অংশ হিসেবে ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (আইআরআইডি) এ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ। বিশেষ অতিথি ছিলেন ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান জনাব কে. এম. মোজিবুল হক। সভাপতিত্ব করেন ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া।

ইউএপির সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ প্রথম স্থান অর্জন করে স্বর্ণপদক, ক্রেস্ট ও সনদ লাভ করেন। ফার্মেসি বিভাগের অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া ও অধ্যাপক ড. মোহাম্মদ শাহরিয়ার যথাক্রমে রৌপ্য ও ব্রোঞ্জ পদক, ক্রেস্ট ও সনদ পান। গবেষণায় উল্লেখযোগ্য অবদানের জন্য আরও তিনজন শিক্ষক-গবেষককে ক্রেস্ট ও সনদ দিয়ে সম্মাননা জানানো হয়।

বিশেষ অতিথির বক্তব্যে ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান জনাব কে. এম. মোজিবুল হক বলেন, বিশ্ববিদ্যালয়ের একাডেমিক উৎকর্ষের অন্যতম প্রধান ভিত্তি গবেষণা। গবেষণা ও উদ্ভাবনের স্বীকৃতি ইউএপিতে গবেষণাবান্ধব পরিবেশ আরও শক্তিশালী করবে। দেশের বাস্তব সমস্যা সমাধানে কার্যকর ও জনকল্যাণমুখী গবেষণায় তিনি শিক্ষক-শিক্ষার্থীদের আরও সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান।

সভাপতির বক্তব্যে ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া বলেন, টেকসই একাডেমিক উৎকর্ষ অর্জনে গবেষণার বিকল্প নেই। শিক্ষক-গবেষকদের স্বীকৃতি তাঁদের উচ্চমানের গবেষণায় উৎসাহিত করবে এবং শিক্ষার্থীদের গবেষণায় সম্পৃক্ত হতে অনুপ্রাণিত করবে। আন্তর্জাতিক মানের প্রকাশনার পাশাপাশি জনকল্যাণে ব্যবহারযোগ্য গবেষণাকে ইউএপি গুরুত্ব দিচ্ছে বলেও তিনি জানান।

প্রধান অতিথির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ বলেন, উচ্চশিক্ষার মানোন্নয়ন ও দেশের উন্নয়নে গবেষণা ও উদ্ভাবন গুরুত্বপূর্ণ। দেশে শক্তিশালী গবেষণা পরিবেশ গড়ে তুলতে ইউজিসি প্রতিশ্রুতিবদ্ধ। চলতি বছর করের বোঝা ৫ শতাংশ কমানো হয়েছে এবং আগামী বছর আরও ৫ শতাংশ কমানোর পরিকল্পনা রয়েছে। এ ছাড়া সরকারি ও বেসরকারি উভয় বিশ্ববিদ্যালয়ের গবেষকদের জন্য প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা ছাড়াই গবেষণা অর্থায়নের সুযোগ সৃষ্টির উদ্যোগ নেওয়া হচ্ছে। তিনি বলেন, গবেষকদের ওপর বিনিয়োগ দেশের ভবিষ্যতের ওপর বিনিয়োগ।

উল্লেখ্য, ইউএপির কয়েকজন শিক্ষক-গবেষক বিশ্বের শীর্ষ দুই শতাংশ বিজ্ঞানীর তালিকায় স্থান পেয়েছেন। কিউ১ ও কিউ২ জার্নালে প্রকাশনা বাড়ানোর ওপর গুরুত্ব দিচ্ছে বিশ্ববিদ্যালয়।

অনুষ্ঠানে ইউএপি রিসার্চ পলিসি বুকলেট উন্মোচন করা হয়। বিভিন্ন বিভাগের গবেষণা কার্যক্রম প্রদর্শনের পাশাপাশি ইউএপির গবেষণা ও উদ্ভাবন কার্যক্রম এবং আইআরআইডি নিয়ে নির্মিত প্রমোশনাল ভিডিও প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে ইউএপির ট্রাস্টি বোর্ডের সদস্য, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, শিক্ষক, কর্মকর্তা, গবেষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

https://thedailycampus.com/private-university/272681

BANGLA NEWS 24.com

যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পিএইচডি: ইউজিসি

সংগৃহীত ছবি

দেশের যোগ্য ও সক্ষম বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে পিএইচডি ডিগ্রি প্রদানের সুযোগ দেওয়ার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)। তবে গবেষণার মান ও একাডেমিক সততা নিশ্চিত করেই এ সুযোগ দেওয়া হবে।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) রাজধানীর গ্রিন রোডে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) ‘রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬’ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ এ কথা বলেন।

তিনি বলেন, সব বেসরকারি বিশ্ববিদ্যালয় পিএইচডি ডিগ্রি দেওয়ার সুযোগ পাবে না। প্রয়োজনীয় যোগ্যতা ও সক্ষমতা থাকা বিশ্ববিদ্যালয়গুলোকে নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে এ সুযোগ দেওয়া হবে।

পিএইচডি ডিগ্রি অর্জনের ক্ষেত্রে অনিয়মের অভিযোগ যাতে না ওঠে, সেজন্য গবেষণার মান নিশ্চিত করার ওপর জোর দেন ইউজিসি চেয়ারম্যান।

তিনি বলেন, আমরা চাই মানসম্মত গবেষণা এবং সেই মানসম্মত গবেষণার মাধ্যমে মানসম্মত পিএইচডি।

দেশে যোগ্য শিক্ষক ও গবেষকের সংকট রয়েছে উল্লেখ করে ইউজিসি চেয়ারম্যান বলেন, এ সংকট কাটাতে পিএইচডি ও পোস্টডক্টরাল গবেষণার সুযোগ বাড়ানো প্রয়োজন।

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাঠামো প্রসঙ্গে তিনি বলেন, ট্রাস্টি বোর্ড ও একাডেমিক প্রশাসনকে নিজ নিজ দায়িত্বের সীমারেখা মেনে কাজ করতে হবে। ট্রাস্টি বোর্ড একাডেমিক প্রশাসনের কাজে হস্তক্ষেপ করবে না।

বর্তমানে ইউজিসিকে ট্রাস্টি বোর্ডের অভ্যন্তরীণ দ্বন্দ্বের পাশাপাশি ট্রাস্টি বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রশাসনের মধ্যকার বিরোধও সামলাতে হচ্ছে বলে জানান তিনি।

বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এ সংশ্লিষ্টদের দায়িত্ব ও ভূমিকা স্পষ্টভাবে উল্লেখ রয়েছে জানিয়ে মামুন আহমেদ বলেন, সবাই নিজ নিজ দায়িত্ব পালন করলে এ ধরনের বিরোধের কারণ থাকার কথা নয়।

ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান কে এম মোজিবুল হক এবং বিশ্ববিদ্যালয়টির ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের পরিচালক অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ।

https://www.banglanews24.com/education/news/bd/1679334.details

বণিক বার্তা

ইউএপিতে রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড পেলেন ছয় শিক্ষক-গবেষক

ছবি: ইউএপি

ইউএপির সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ প্রথম স্থান অর্জন করে স্বর্ণপদক, ক্রেস্ট ও সনদ পেয়েছেন। ফার্মেসি বিভাগের অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া ও অধ্যাপক ড. মোহাম্মদ শাহরিয়ার যথাক্রমে রৌপ্য ও ব্রোঞ্জ পদক, ক্রেস্ট ও সনদ পান। গবেষণায় উল্লেখযোগ্য অবদানের জন্য আরো তিন শিক্ষক-গবেষককে ক্রেস্ট ও সনদ দিয়ে সম্মাননা দেয়া হয়।

গবেষণা, উদ্ভাবন, জ্ঞানসৃষ্টি, মানসম্মত প্রকাশনা ও একাডেমিক উৎকর্ষে অবদানের স্বীকৃতি হিসেবে ছয় শিক্ষক-গবেষককে ‘ইউএপি রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬’ দিয়েছে ইউনিভার্সিটি অব এশিয়া

প্যাসিফিক (ইউএপি)। বিশ্ববিদ্যালয়ের ৩০ বছর পূর্তি উপলক্ষে ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (আইআরআইডি) এ অনুষ্ঠানের আয়োজন করে।

মঙ্গলবার রাজধানীর গ্রিন রোডে ইউএপির স্থায়ী ক্যাম্পাসের মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে ছয় শিক্ষক-গবেষককে তাদের গবেষণা ও প্রকাশনার জন্য পুরস্কৃত করা হয়।

ইউএপির সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ প্রথম স্থান অর্জন করে স্বর্ণপদক, ক্রেস্ট ও সনদ পেয়েছেন। ফার্মেসি বিভাগের অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া ও অধ্যাপক ড. মোহাম্মদ শাহরিয়ার যথাক্রমে রৌপ্য ও ব্রোঞ্জ পদক, ক্রেস্ট ও সনদ পান। গবেষণায় উল্লেখযোগ্য অবদানের জন্য আরো তিন শিক্ষক-গবেষককে ক্রেস্ট ও সনদ দিয়ে সম্মাননা দেয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ। বিশেষ অতিথি ছিলেন ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কে. এম. মোজিবুল হক। সভাপতিত্ব করেন ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া।

কে. এম. মোজিবুল হক বলেন, বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক উৎকর্ষের অন্যতম প্রধান ভিত্তি গবেষণা। গবেষণা ও উদ্ভাবনের স্বীকৃতি ইউএপিতে গবেষণাবান্ধব পরিবেশ আরো শক্তিশালী করবে। দেশের বাস্তব সমস্যা সমাধানে কার্যকর ও জনকল্যাণমুখী গবেষণায় শিক্ষক-শিক্ষার্থীদের আরো সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান তিনি।

অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া বলেন, টেকসই অ্যাকাডেমিক উৎকর্ষ অর্জনে গবেষণার বিকল্প নেই। শিক্ষক-গবেষকদের স্বীকৃতি তাদের উচ্চমানের গবেষণায় উৎসাহিত করবে এবং শিক্ষার্থীদের গবেষণায় সম্পৃক্ত হতে অনুপ্রাণিত করবে। আন্তর্জাতিক মানের প্রকাশনার পাশাপাশি জনকল্যাণে ব্যবহারযোগ্য গবেষণাকে ইউএপি গুরুত্ব দিচ্ছে বলেও জানান তিনি।

অধ্যাপক ড. মামুন আহমেদ বলেন, উচ্চশিক্ষার মানোন্নয়ন ও দেশের উন্নয়নে গবেষণা ও উদ্ভাবন গুরুত্বপূর্ণ। দেশে শক্তিশালী গবেষণা পরিবেশ গড়ে তুলতে ইউজিসি প্রতিশ্রুতিবদ্ধ। চলতি বছর করের বোঝা ৫ শতাংশ কমানো হয়েছে এবং আগামী বছর আরো ৫ শতাংশ কমানোর পরিকল্পনা রয়েছে। সরকারি ও বেসরকারি উভয় বিশ্ববিদ্যালয়ের গবেষকদের জন্য প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা ছাড়াই গবেষণা অর্থায়নের সুযোগ সৃষ্টির উদ্যোগ নেয়া হচ্ছে বলেও জানান তিনি। গবেষকদের ওপর বিনিয়োগ দেশের ভবিষ্যতের ওপর বিনিয়োগ বলেও মন্তব্য করেন ইউজিসি চেয়ারম্যান।

ইউএপির কয়েকজন শিক্ষক-গবেষক বিশ্বের শীর্ষ ২ শতাংশ বিজ্ঞানীর তালিকায় স্থান পেয়েছেন। কিউ১ ও কিউ২ জার্নালে প্রকাশনা বাড়ানোর ওপর গুরুত্ব দিচ্ছে বিশ্ববিদ্যালয়টি।

অনুষ্ঠানে ইউএপি রিসার্চ পলিসি বুকলেট উন্মোচন করা হয়। বিভিন্ন বিভাগের গবেষণা কার্যক্রম প্রদর্শনের পাশাপাশি ইউএপির গবেষণা ও উদ্ভাবন কার্যক্রম এবং আইআরআইডি নিয়ে নির্মিত প্রমোশনাল ভিডিও প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে ইউএপির ট্রাস্টি বোর্ডের সদস্য, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, শিক্ষক, কর্মকর্তা, গবেষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

https://bonikbarta.com/bangladesh/aiCziEcw8rtTzk8k

DAILY TIMES বাংলা
OF BANGLADESH

যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়কে পিএইচডির সুযোগ দেবে ইউজিসি

ছবি: সৌজন্য

দেশের যোগ্য ও সক্ষম বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে পিএইচডি ডিগ্রি প্রদানের সুযোগ দেওয়ার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। তবে গবেষণার মান ও একাডেমিক সততা নিশ্চিত করেই এ সুযোগ দেওয়া হবে বলে জানিয়েছেন ইউজিসি চেয়ারম্যান মামুন আহমেদ।

মঙ্গলবার রাজধানীর গ্রিন রোডে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) 'রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬' প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

ইউজিসি চেয়ারম্যান বলেন, সব বেসরকারি বিশ্ববিদ্যালয়কে পিএইচডি ডিগ্রি দেওয়ার সুযোগ দেওয়া হবে না। প্রয়োজনীয় যোগ্যতা, গবেষণার সক্ষমতা ও অবকাঠামো রয়েছে এমন বিশ্ববিদ্যালয়কে নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে এ সুযোগ দেওয়ার কথা বিবেচনা করা হচ্ছে।

পিএইচডি ডিগ্রি অর্জনের ক্ষেত্রে অনিয়মের অভিযোগ এড়াতে গবেষণার মান নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন মামুন আহমেদ। তিনি বলেন, 'আমরা চাই মানসম্মত গবেষণা এবং সেই মানসম্মত গবেষণার মাধ্যমে মানসম্মত পিএইচডি।'

দেশে যোগ্য শিক্ষক ও গবেষকের সংকট রয়েছে উল্লেখ করে তিনি বলেন, এ সংকট কাটাতে পিএইচডি ও পোস্টডক্টরাল গবেষণার সুযোগ বাড়ানো প্রয়োজন।

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাঠামো নিয়েও কথা বলেন ইউজিসি চেয়ারম্যান। তিনি বলেন, ট্রাস্টি বোর্ড ও একাডেমিক প্রশাসনকে নিজ নিজ দায়িত্বের সীমারেখা মেনে কাজ করতে হবে। ট্রাস্টি বোর্ড একাডেমিক প্রশাসনের কাজে হস্তক্ষেপ করবে না।

বর্তমানে ট্রাস্টি বোর্ডের অভ্যন্তরীণ দ্বন্দ্বের পাশাপাশি ট্রাস্টি বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রশাসনের মধ্যকার বিরোধও ইউজিসিকে সামলাতে হচ্ছে বলে জানান তিনি।

বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এ সংশ্লিষ্টদের দায়িত্ব ও ভূমিকা স্পষ্টভাবে উল্লেখ রয়েছে জানিয়ে মামুন আহমেদ বলেন, সবাই নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করলে এ ধরনের বিরোধের কোনো কারণ থাকার কথা নয়।

ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য মহিউদ্দিন আহমেদ ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়টির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান কে এম মোজিবুল হক এবং ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের পরিচালক তানভীর ফেরদৌস সাঈদ।

https://bangla.tob.news/%E0%A6%AF%E0%A7%8B%E0%A6%97%E0%A7%8D%E0%A6%AF-%E0%A6%AC%E0%A7%87%E0%A6%B8%E0%A6%B0%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B0%E0%A6%BF-%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%B6%E0%A7%8D%E0%A6%AC%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%A6%E0%A7%8D/

Dhaka Mail

বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পিএইচডি চালুর বিষয়ে ভাবছে ইউজিসি

নিজস্ব প্রতিবেদক

গ্রিন রোডে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) ‘রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬’ প্রদান অনুষ্ঠানে বক্তব্য দিচ্ছেন ড. মামুন আহমেদ

দেশের যোগ্য ও সক্ষম বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে পিএইচডি ডিগ্রি দেওয়ার সুযোগ দেওয়ার কথা ভাবছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)।

তবে গবেষণার মান ও একাডেমিক সততা নিশ্চিত করেই এ সুযোগ দেওয়া হবে বলে জানিয়েছেন ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) রাজধানীর গ্রিন রোডে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) ‘রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬’ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

অধ্যাপক মামুন বলেন, সব বেসরকারি বিশ্ববিদ্যালয় পিএইচডি ডিগ্রি দেওয়ার সুযোগ পাবে না। প্রয়োজনীয় যোগ্যতা ও সক্ষমতা থাকা বিশ্ববিদ্যালয়গুলোকে নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে এ সুযোগ দেওয়া হবে।

পিএইচডি ডিগ্রি অর্জনের ক্ষেত্রে অনিয়মের অভিযোগ যাতে না ওঠে, সে জন্য গবেষণার মান নিশ্চিত করার ওপর গুরুত্ব দেন ইউজিসি চেয়ারম্যান। তিনি বলেন, ‘আমরা চাই মানসম্মত গবেষণা এবং সেই মানসম্মত গবেষণার মাধ্যমে মানসম্মত পিএইচডি।’

দেশে যোগ্য শিক্ষক ও গবেষকের সংকট রয়েছে উল্লেখ করে তিনি বলেন, এ সংকট কাটাতে পিএইচডি ও পোস্টডক্টরাল গবেষণার সুযোগ আরও বাড়ানো প্রয়োজন।

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাঠামো নিয়েও কথা বলেন ইউজিসি চেয়ারম্যান। তিনি বলেন, ট্রাস্টি বোর্ড ও একাডেমিক প্রশাসনকে নিজ নিজ দায়িত্বের সীমারেখা মেনে কাজ করতে হবে। ট্রাস্টি বোর্ড একাডেমিক প্রশাসনের কাজে হস্তক্ষেপ করবে না।

মামুন আহমেদ জানান, বর্তমানে ট্রাস্টি বোর্ডের অভ্যন্তরীণ দ্বন্দ্বের পাশাপাশি ট্রাস্টি বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রশাসনের মধ্যকার বিরোধও ইউজিসিকে সামলাতে হচ্ছে।

বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০-এ সংশ্লিষ্টদের দায়িত্ব ও ভূমিকা স্পষ্টভাবে উল্লেখ রয়েছে জানিয়ে তিনি বলেন, সবাই নিজ নিজ দায়িত্ব পালন করলে এ ধরনের বিরোধের কারণ থাকার কথা নয়।

ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য দেন ইউএপির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান কে এম মোজিবুল হক এবং ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের পরিচালক অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ।

এমএইচ/এএইচ

https://dhakamail.com/education/328327

দৈনিক এখন বাংলা

যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়কে পিএইচডি দেওয়ার সুযোগ বিবেচনায়: ইউজিসি চেয়ারম্যান

প্রয়োজনীয় অবকাঠামো, মানসম্মত গবেষণা ও একাডেমিক সক্ষমতা রয়েছে—এমন যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়কে পিএইচডি ডিগ্রি দেওয়ার সুযোগ দেওয়ার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ।

তিনি বলেছেন, সব বেসরকারি বিশ্ববিদ্যালয়কে ঢালাওভাবে এ সুযোগ দেওয়া হবে না। গবেষণার মান, স্বচ্ছতা ও একাডেমিক সততা নিশ্চিত করে নির্দিষ্ট যোগ্যতার ভিত্তিতেই অনুমোদন দেওয়া হবে।

মঙ্গলবার রাজধানীর গ্রিন রোডে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) ‘রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬’ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মানসম্মত গবেষণায় জোর

অধ্যাপক মামুন আহমেদ বলেন, ‘আমরা চাই মানসম্মত গবেষণা এবং সেই গবেষণার মাধ্যমে অর্জিত মানসম্মত পিএইচডি।’ পিএইচডি ডিগ্রি দেওয়ার ক্ষেত্রে কোনো ধরনের অনিয়ম বা মানহীনতার অভিযোগ যাতে না ওঠে, সে বিষয়ে ইউজিসি কঠোর অবস্থানে থাকবে বলেও জানান তিনি।

দেশে মানসম্পন্ন শিক্ষক ও গবেষকের সংকট কাটাতে দেশেই পিএইচডি ও পোস্ট-ডক্টরাল গবেষণার সুযোগ ও পরিধি বাড়ানোর ওপর গুরুত্ব দেন ইউজিসি চেয়ারম্যান। তাঁর মতে, যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক শৃঙ্খলার বিষয়ে অধ্যাপক মামুন আহমেদ বলেন, ট্রাস্টি বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রশাসনকে নিজ নিজ আইনগত সীমা ও দায়িত্ব মেনে কাজ করতে হবে। ট্রাস্টি বোর্ড কোনোভাবেই একাডেমিক প্রশাসনের দৈনন্দিন বা নীতিগত কাজে হস্তক্ষেপ করতে পারবে না।

তিনি বলেন, বর্তমানে ট্রাস্টি বোর্ডের অভ্যন্তরীণ দ্বন্দ্ব এবং ট্রাস্টি বোর্ডের সঙ্গে একাডেমিক প্রশাসনের ক্ষমতার বিরোধ সামলাতে ইউজিসিকে নিয়মিত সমস্যায় পড়তে হচ্ছে।

‘বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০’-এ ট্রাস্টি বোর্ড ও প্রশাসনের দায়িত্ব স্পষ্টভাবে ভাগ করে দেওয়া হয়েছে উল্লেখ করে তিনি সবাইকে আইন অনুযায়ী নিজ নিজ দায়িত্ব পালনের আহ্বান জানান।

ইউএপিতে গবেষণা পুরস্কার প্রদান

ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন ইউএপির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান কে এম মোজিবুল হক এবং ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের পরিচালক অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ।

https://ekhonbangla.org/news/national/24711/

মীরর বাংলা

যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পিএইচডির সুযোগ দেওয়ার কথা ভাবছে ইউজিসি

দেশের যোগ্য ও সক্ষম বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে পিএইচডি ডিগ্রি প্রদানের সুযোগ দেওয়ার বিষয়টি বিবেচনা করছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। তবে সব বেসরকারি বিশ্ববিদ্যালয়কে এ সুযোগ দেওয়া হবে না। গবেষণার মান, শিক্ষক-গবেষকের সক্ষমতা, একাডেমিক পরিবেশ ও অন্যান্য নির্দিষ্ট মানদণ্ড পূরণ করতে পারা বিশ্ববিদ্যালয়গুলোই পিএইচডি চালুর অনুমতি পেতে পারে।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) রাজধানীর গ্রিন রোডে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) ‘রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬’ প্রদান অনুষ্ঠানে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ এ কথা জানান।

তিনি বলেন, পিএইচডি ডিগ্রি প্রদানের ক্ষেত্রে গবেষণার গুণগত মান ও একাডেমিক সততা নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ কারণে সক্ষমতা না থাকা কোনো বেসরকারি বিশ্ববিদ্যালয়কে পিএইচডি দেওয়ার সুযোগ দেওয়া হবে না।

ইউজিসি চেয়ারম্যান বলেন, দেশের সব বেসরকারি বিশ্ববিদ্যালয় পিএইচডি ডিগ্রি দেওয়ার সুযোগ পাবে না। প্রয়োজনীয় যোগ্যতা ও সক্ষমতা থাকা বিশ্ববিদ্যালয়গুলোকে নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে এ সুযোগ দেওয়ার বিষয়টি বিবেচনা করা হচ্ছে।

তিনি বলেন, পিএইচডি শুধু একটি ডিগ্রি নয়; এর সঙ্গে গবেষণার মান, নতুন জ্ঞান সৃষ্টি এবং একাডেমিক সততার বিষয়টি সরাসরি জড়িত। তাই বিশ্ববিদ্যালয়ের গবেষণা অবকাঠামো, যোগ্য শিক্ষক ও গবেষক এবং মানসম্মত গবেষণা পরিচালনার সক্ষমতা থাকা প্রয়োজন।

ইউজিসি চেয়ারম্যান বলেন, 'আমরা চাই মানসম্মত গবেষণা এবং সেই মানসম্মত গবেষণার মাধ্যমে মানসম্মত পিএইচডি।'

পিএইচডি কার্যক্রম চালুর ক্ষেত্রে অনিয়ম বা নিম্নমানের গবেষণার সুযোগ যাতে তৈরি না হয়, সে বিষয়ে সতর্ক অবস্থানের কথা জানান অধ্যাপক মামুন আহমেদ।

একটি বিশ্ববিদ্যালয়ে পিএইচডি প্রোগ্রাম চালুর আগে পর্যাপ্ত গবেষণার পরিবেশ, যোগ্য তত্ত্বাবধায়ক, গবেষণাগার ও প্রয়োজনীয় একাডেমিক অবকাঠামো থাকা জরুরি। একই সঙ্গে গবেষণায় তথ্যের সঠিক ব্যবহার, মৌলিকত্ব, গবেষণার নৈতিকতা এবং একাডেমিক সততা নিশ্চিত করাও গুরুত্বপূর্ণ।

এ কারণে পিএইচডির অনুমোদনকে শুধু বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোর সঙ্গে নয়, গবেষণার বাস্তব সক্ষমতার সঙ্গেও যুক্ত করতে চায় ইউজিসি।

অনুষ্ঠানে ইউজিসি চেয়ারম্যান দেশে যোগ্য শিক্ষক ও গবেষকের সংকটের কথাও তুলে ধরেন। এ সংকট কাটাতে পিএইচডি ও পোস্টডক্টরাল গবেষণার সুযোগ বাড়ানোর প্রয়োজন রয়েছে বলে তিনি মনে করেন।

এর আগে উচ্চশিক্ষার রূপান্তর নিয়ে ইউজিসির জাতীয় কর্মশালাতেও যোগ্য শিক্ষক নিয়োগ এবং পিএইচডি ও পোস্টডক্টরাল গবেষণার সুযোগ সম্প্রসারণের সুপারিশ করা হয়েছিল। ইউজিসি বলেছে, গবেষণার মানোন্নয়ন ও উচ্চশিক্ষার সক্ষমতা বৃদ্ধির জন্য এসব উদ্যোগ গুরুত্বপূর্ণ।

ফলে যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পিএইচডি চালুর সুযোগ দেওয়া হলে দেশের গবেষণা কার্যক্রম সম্প্রসারণ এবং নতুন গবেষক তৈরিতে ভূমিকা রাখতে পারে বলে মনে করা হচ্ছে।

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাঠামো নিয়েও বক্তব্য দেন ইউজিসি চেয়ারম্যান। তিনি বলেন, ট্রাস্টি বোর্ড এবং একাডেমিক প্রশাসনকে নিজ নিজ দায়িত্বের সীমারেখা মেনে কাজ করতে হবে।

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রমে ট্রাস্টি বোর্ডের অযাচিত হস্তক্ষেপ করা উচিত নয় বলেও তিনি উল্লেখ করেন। একইভাবে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাঠামোর দায়িত্বশীল ব্যক্তিদেরও তাঁদের নির্ধারিত দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে।

অধ্যাপক মামুন আহমেদ বলেন, বর্তমানে ইউজিসিকে ট্রাস্টি বোর্ডের অভ্যন্তরীণ দ্বন্দ্বের পাশাপাশি ট্রাস্টি বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রশাসনের মধ্যকার বিরোধও সামলাতে হচ্ছে।

ইউজিসি চেয়ারম্যান বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০-এ সংশ্লিষ্ট ব্যক্তিদের দায়িত্ব ও ভূমিকা স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে। সবাই নিজ নিজ দায়িত্ব ও ক্ষমতার সীমা মেনে চললে অনেক বিরোধেরই সৃষ্টি হওয়ার কথা নয়।

এর আগে চলতি মাসের শুরুতেও তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে বিদ্যমান আইন, বিধি ও নীতিমালা যথাযথভাবে অনুসরণ করার আহ্বান জানিয়েছিলেন। অনিয়মের অভিযোগ প্রমাণিত হলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার কথাও জানিয়েছিলেন তিনি।

অনুষ্ঠানে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের গবেষণায় অবদান রাখা শিক্ষক ও গবেষকদের সম্মাননা দেওয়া হয়। 'রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬' অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রমের বিভিন্ন দিক তুলে ধরা হয়।

ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন ইউএপির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান কে এম মোজিবুল হক এবং বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের পরিচালক অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ।

বাংলাদেশের উচ্চশিক্ষায় শিক্ষার্থী ও বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বাড়লেও গবেষণার মানোন্নয়ন, দক্ষ শিক্ষক তৈরি এবং আন্তর্জাতিক মানের গবেষণা পরিবেশ নিশ্চিত করা এখনো বড় চ্যালেঞ্জ। ইউজিসি উচ্চশিক্ষার রূপান্তরের অংশ হিসেবে গবেষণা, উদ্ভাবন, শিক্ষক উন্নয়ন এবং আন্তর্জাতিক সহযোগিতার ওপর গুরুত্ব দিচ্ছে।

যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে পিএইচডি প্রদানের সুযোগ দেওয়া হলে সরকারি বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি বেসরকারি খাতেও উচ্চতর গবেষণার ক্ষেত্র বিস্তৃত হতে পারে। তবে ইউজিসির অবস্থান অনুযায়ী, এই সুযোগ সম্প্রসারণের পাশাপাশি গবেষণার মান এবং একাডেমিক সততা নিশ্চিত করাই হবে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়।

এ উদ্যোগ বাস্তবায়িত হলে দেশের উচ্চশিক্ষায় গবেষণার পরিধি বাড়ার পাশাপাশি নতুন শিক্ষক ও গবেষক তৈরির সুযোগও বাড়তে পারে। তবে কোন কোন বিশ্ববিদ্যালয় কী ধরনের মানদণ্ড পূরণ করলে পিএইচডি প্রোগ্রাম চালুর অনুমতি পাবে, সে বিষয়ে বিস্তারিত নীতিমালা বা অনুমোদন কাঠামো পরবর্তী সময়ে স্পষ্ট হতে পারে।

https://themirrorbangla.com/private-university-phd-opportunity-ugc/

THE DAILY CAMPUS

যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়কে পিএইচডির সুযোগ দেওয়ার কথা ভাবছে ইউজিসি

বক্তব্য দিচ্ছেন ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ© সংগৃহীত

দেশের যোগ্য ও সক্ষম বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে পিএইচডি ডিগ্রি প্রদানের সুযোগ দেওয়ার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)। তবে গবেষণার মান ও একাডেমিক সততা নিশ্চিত করেই এ সুযোগ দেওয়া হবে।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) রাজধানীর গ্রিন রোডে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) 'রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬' প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ এ কথা বলেন।

তিনি বলেন, সব বেসরকারি বিশ্ববিদ্যালয় পিএইচডি ডিগ্রি দেওয়ার সুযোগ পাবে না। প্রয়োজনীয় যোগ্যতা ও সক্ষমতা থাকা বিশ্ববিদ্যালয়গুলোকে নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে এ সুযোগ দেওয়া হবে। পিএইচডি ডিগ্রি অর্জনের ক্ষেত্রে অনিয়মের অভিযোগ যাতে না ওঠে, সে জন্য গবেষণার মান নিশ্চিত করার ওপর জোর দেন ইউজিসি চেয়ারম্যান।

অধ্যাপক মামুন আহমেদ বলেন, 'আমরা চাই মানসম্মত গবেষণা এবং সেই মানসম্মত গবেষণার মাধ্যমে মানসম্মত পিএইচডি।' দেশে যোগ্য শিক্ষক ও গবেষকের সংকট রয়েছে উল্লেখ করে তিনি বলেন, এ সংকট কাটাতে পিএইচডি ও পোস্টডক্টরাল গবেষণার সুযোগ বাড়ানো প্রয়োজন।

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাঠামো প্রসঙ্গে ইউজিসি চেয়ারম্যান বলেন, ট্রাস্টি বোর্ড ও একাডেমিক প্রশাসনকে নিজ নিজ দায়িত্বের সীমারেখা মেনে কাজ করতে হবে। ট্রাস্টি বোর্ড একাডেমিক প্রশাসনের কাজে হস্তক্ষেপ করবে না, বলেন তিনি।

বর্তমানে ইউজিসিকে ট্রাস্টি বোর্ডের অভ্যন্তরীণ দ্বন্দ্বের পাশাপাশি ট্রাস্টি বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রশাসনের মধ্যকার বিরোধও সামলাতে হচ্ছে বলে জানান তিনি।

বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এ সংশ্লিষ্টদের দায়িত্ব ও ভূমিকা স্পষ্টভাবে উল্লেখ রয়েছে জানিয়ে মামুন আহমেদ বলেন, সবাই নিজ নিজ দায়িত্ব পালন করলে এ ধরনের বিরোধের কারণ থাকার কথা নয়।

ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন ইউএপির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান কে এম মোজিবুল হক এবং বিশ্ববিদ্যালয়টির ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের পরিচালক অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ।

https://thedailycampus.com/ugc/272667

শিক্ষক বাতায়ন

যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়কে পিএইচডির সুযোগ দেয়ার চিন্তা ইউজিসির

দেশের যোগ্য ও সক্ষম বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে পিএইচডি ডিগ্রি প্রদানের সুযোগ দেওয়ার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)। তবে গবেষণার মান ও একাডেমিক সততা নিশ্চিত করেই এ সুযোগ দেওয়া হবে।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) রাজধানীর গ্রিন রোডে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) 'রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬' বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ এ কথা বলেন। পরে ইউজিসির পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

অধ্যাপক ড. মামুন আহমেদ আরো বলেন, সব বেসরকারি বিশ্ববিদ্যালয় পিএইচডি ডিগ্রি দেওয়ার সুযোগ পাবে না। প্রয়োজনীয় যোগ্যতা ও সক্ষমতা থাকা বিশ্ববিদ্যালয়গুলোকে নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে এ সুযোগ দেওয়া হবে।

পিএইচডি ডিগ্রি অর্জনের ক্ষেত্রে অনিয়মের অভিযোগ যাতে না ওঠে, সে জন্য গবেষণার মান নিশ্চিত করার ওপর জোর দেন ইউজিসি চেয়ারম্যান।

অধ্যাপক মামুন আহমেদ বলেন, আমরা চাই মানসম্মত গবেষণা এবং সেই মানসম্মত গবেষণার মাধ্যমে মানসম্মত পিএইচডি।

দেশে যোগ্য শিক্ষক ও গবেষকের সংকট রয়েছে উল্লেখ করে তিনি বলেন, এ সংকট কাটাতে পিএইচডি ও পোস্টডক্টরাল গবেষণার সুযোগ বাড়ানো প্রয়োজন।

https://www.teachers.gov.bd/blog/details/847947

বেসরকারি বিশ্ববিদ্যালয় পিএইচডি প্রদানের সুযোগ পাবে সক্ষমতার ভিত্তিতে

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)'র চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ বলেছেন, দেশের যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনীয় অবকাঠামো, মানসম্মত গবেষণা ও একাডেমিক সক্ষমতা রয়েছে, সেসব যোগ্য প্রতিষ্ঠানকে পিএইচডি ডিগ্রি প্রদানের সুযোগ দেওয়ার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে।

তিনি বলেন, তবে সব বিশ্ববিদ্যালয় ঢালাওভাবে এই সুযোগ পাবে না। গবেষণার মানদণ্ড, স্বচ্ছতা ও একাডেমিক সততা নিশ্চিত করেই কেবল নির্দিষ্ট যোগ্যতার ভিত্তিতে এই অনুমোদন দেওয়া হবে। তিনি মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) রাজধানীর গ্রিন রোডে ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিক (ইউএপি)-এর 'রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬' প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন।

ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইউএপির বোর্ড অফ ট্রাস্টিজের চেয়ারম্যান কে এম মোজিবুল হক এবং বিশ্ববিদ্যালয়টির ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের পরিচালক অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ।

অধ্যাপক ড. মামুন বলেন, আমরা চাই মানসম্মত গবেষণা এবং সেই গবেষণার মাধ্যমে অর্জিত হবে মানসম্মত পিএইচডি। পিএইচডি ডিগ্রি প্রদানের ক্ষেত্রে কোনো ধরনের অনিয়ম বা মানহীনতার অভিযোগ যেন না ওঠে, সে বিষয়ে ইউজিসি কঠোর অবস্থান বজায় রাখবে। তিনি বলেন, উচ্চশিক্ষার গুণগত মান বৃদ্ধিতে দেশেই পিএইচডি ও পোস্ট-ডক্টরাল গবেষণার সুযোগ ও পরিধি আরও বৃদ্ধি করা প্রয়োজন। যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো এই জায়গায় বড় ভূমিকা রাখতে পারে।

এছাড়া বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ প্রশাসনিক শৃঙ্খলা প্রসঙ্গে অধ্যাপক মামুন আহমেদ বলেন, ট্রাস্টি বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রশাসনকে নিজ নিজ আইনগত সীমানা ও দায়িত্ব মেনে

পরিচালনা করতে হবে। কোনোভাবেই ট্রাস্টি বোর্ড একাডেমিক প্রশাসনের দৈনন্দিন বা নীতিগত কাজে হস্তক্ষেপ করতে পারবে না।

তিনি বলেন, বর্তমানে ইউজিসিকে ট্রাস্টি বোর্ডের ভেতরের দ্বন্দ্ব এবং ট্রাস্টি বোর্ডের সঙ্গে একাডেমিক প্রশাসনের ক্ষমতার বিরোধ সামলাতে নিয়মিত হিমশিম খেতে হচ্ছে।

‘বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০’-এ ট্রাস্টি বোর্ড ও প্রশাসনের দায়িত্ব পরিষ্কারভাবে ভাগ করা আছে উল্লেখ করে তিনি সবাইকে আইন মেনে নিজ নিজ দায়িত্ব পালনের তাগিদ দেন।

https://thewave24.com/news/4065151a-ac37-11f1-8d20-005056a98b14

The Voice 24
Truth Without Border

যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়কে পিএইচডি ডিগ্রি প্রদানের সুযোগ দেওয়ার বিষয়টি বিবেচনায় আছে : ইউজিসি চেয়ারম্যান

উচ্চশিক্ষার মূল লক্ষ্য হলো মানসম্মত গবেষণা পরিচালনা এবং তার ভিত্তিতে ডিগ্রি প্রদান করা। এক্ষেত্রে কোনো ধরনের জালিয়াতি কিংবা নিম্নমানের কার্যক্রম সহ্য করা হবে না এবং এ বিষয়ে নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে ইউজিসি কঠোর ভূমিকা পালন করবে।

নিজস্ব প্রতিবেদক

দেশের যেসব বেসরকারি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধা, উচ্চমানের গবেষণা ও পর্যাপ্ত একাডেমিক সামর্থ্য রয়েছে, তাদের পিএইচডি ডিগ্রি প্রদানের অনুমতি দেওয়ার কথা গুরুত্বের সাথে ভাবছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)।

সম্প্রতি সংস্থাটির সভাপতি অধ্যাপক ড. মামুন আহমেদ এই বিষয়ে ইউজিসির ইতিবাচক দৃষ্টিভঙ্গির কথা প্রকাশ করেছেন। তবে তিনি স্পষ্ট করে দিয়েছেন যে সব প্রতিষ্ঠানকে একযোগে এই অনুমতি দেওয়া হবে না। মূলত গবেষণার গুণগত মান, সার্বিক স্বচ্ছতা ও প্রাতিষ্ঠানিক সততা যাচাই-বাছাই করেই নির্দিষ্ট শর্তপূরণকারী প্রতিষ্ঠানগুলোকে বেছে নেওয়া হবে।

রাজধানীর গ্রিন রোড এলাকায় অবস্থিত ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের একটি গবেষণা সংক্রান্ত পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দিয়ে তিনি এসব কথা বলেন। ইউজিসি প্রধান মন্তব্য করেন, উচ্চশিক্ষার মূল লক্ষ্য হলো মানসম্মত গবেষণা পরিচালনা এবং তার ভিত্তিতে ডিগ্রি প্রদান করা। এক্ষেত্রে কোনো ধরনের জালিয়াতি কিংবা নিম্নমানের কার্যক্রম সহ্য করা হবে না এবং এ বিষয়ে নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে ইউজিসি কঠোর ভূমিকা পালন করবে।

দেশে আন্তর্জাতিক মানের শিক্ষকের পাশাপাশি দক্ষ গবেষকের ঘাটতি পূরণের ওপর গুরুত্ব আরোপ করে তিনি বলেন, শিক্ষাব্যবস্থার সামগ্রিক মান বাড়াতে অভ্যন্তরীণভাবেই পিএইচডি ও পোস্ট-ডক্টরাল কার্যক্রমের পরিধি বাড়ানো জরুরি। এ কাজে যোগ্যতাসম্পন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো গুরুত্বপূর্ণ অংশীদার হতে পারে।

এছাড়া বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর সার্বিক শৃঙ্খলা বিষয়ে ইউজিসি প্রধান নির্দেশ দেন যে, ট্রাস্টি বোর্ড এবং একাডেমিক পরিচালনা পর্ষদকে যার যার আইনি এখতিয়ারের ভেতরে থেকে কাজ করতে হবে। ট্রাস্টি বোর্ডের পক্ষ থেকে একাডেমিক কার্যক্রমে যেকোনো ধরণের অনাকাঙ্ক্ষিত হস্তক্ষেপ বন্ধের তাগিদ দিয়ে তিনি জানান, বর্তমানে এই দুই পক্ষের ক্ষমতার দ্বন্দ্ব সামলাতে গিয়ে নিয়মনীতি রক্ষায় বেশ বেগ পেতে হচ্ছে। সংশ্লিষ্ট সবাইকে ২০১০ সালের বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন অনুসরণ করে নিজ নিজ সীমারেখার মধ্যে থেকে দায়িত্ব পালনের আহ্বান জানান তিনি।

উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া। এতে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানটির বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি কে এম মোজিবুল হক এবং গবেষণা সংক্রান্ত ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ।

https://thevoice24.com/article/UgC

দৈনিক
আমাদের বার্তা

যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়কে পিএইচডির সুযোগ দেয়ার চিন্তা ইউজিসির

অধ্যাপক ড. মামুন আহমেদ আরো বলেন, সব বেসরকারি বিশ্ববিদ্যালয় পিএইচডি ডিগ্রি দেওয়ার সুযোগ পাবে না। প্রয়োজনীয় যোগ্যতা ও সক্ষমতা থাকা বিশ্ববিদ্যালয়গুলোকে নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে এ সুযোগ দেওয়া হবে।

দেশের যোগ্য ও সক্ষম বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে পিএইচডি ডিগ্রি প্রদানের সুযোগ দেওয়ার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)। তবে গবেষণার মান ও একাডেমিক সততা নিশ্চিত করেই এ সুযোগ দেওয়া হবে।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) রাজধানীর গ্রিন রোডে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) ‘রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬’ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ এ কথা বলেন। পরে ইউজিসির পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

অধ্যাপক ড. মামুন আহমেদ আরো বলেন, সব বেসরকারি বিশ্ববিদ্যালয় পিএইচডি ডিগ্রি দেওয়ার সুযোগ পাবে না। প্রয়োজনীয় যোগ্যতা ও সক্ষমতা থাকা বিশ্ববিদ্যালয়গুলোকে নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে এ সুযোগ দেওয়া হবে।

পিএইচডি ডিগ্রি অর্জনের ক্ষেত্রে অনিয়মের অভিযোগ যাতে না ওঠে, সে জন্য গবেষণার মান নিশ্চিত করার ওপর জোর দেন ইউজিসি চেয়ারম্যান।

অধ্যাপক মামুন আহমেদ বলেন, আমরা চাই মানসম্মত গবেষণা এবং সেই মানসম্মত গবেষণার মাধ্যমে মানসম্মত পিএইচডি।

দেশে যোগ্য শিক্ষক ও গবেষকের সংকট রয়েছে উল্লেখ করে তিনি বলেন, এ সংকট কাটাতে পিএইচডি ও পোস্টডক্টরাল গবেষণার সুযোগ বাড়ানো প্রয়োজন।

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাঠামো প্রসঙ্গে ইউজিসি চেয়ারম্যান বলেন, ট্রাস্টি বোর্ড ও একাডেমিক প্রশাসনকে নিজ নিজ দায়িত্বের সীমারেখা মেনে কাজ করতে হবে। ট্রাস্টি বোর্ড একাডেমিক প্রশাসনের কাজে হস্তক্ষেপ করবে না, বলেন তিনি।

বর্তমানে ইউজিসিকে ট্রাস্টি বোর্ডের অভ্যন্তরীণ দ্বন্দ্বের পাশাপাশি ট্রাস্টি বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রশাসনের মধ্যকার বিরোধও সামলাতে হচ্ছে বলে জানান তিনি।

বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এ সংশ্লিষ্টদের দায়িত্ব ও ভূমিকা স্পষ্টভাবে উল্লেখ রয়েছে জানিয়ে মামুন আহমেদ বলেন, সবাই নিজ নিজ দায়িত্ব পালন করলে এ ধরনের বিরোধের কারণ থাকার কথা নয়।

ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন ইউএপির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান কে এম মোজিবুল হক এবং বিশ্ববিদ্যালয়টির ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের পরিচালক অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ।

https://www.amaderbarta.net/bn/news/ugc-considers-granting-phd-privileges-to-eligible-private-universities-384236

দৈনিক বাংলাদেশের আলো
প্রকাশনার ১৭ বছর
স্বাধীনতাই আমাদের শক্তি

ইউএপিতে অনুষ্ঠিত হলো রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬

গবেষণা, উদ্ভাবন, জ্ঞানসৃষ্টি, মানসম্মত প্রকাশনা ও একাডেমিক উৎকর্ষে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে ‘ইউএপি রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬’ দিয়েছে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি)।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) রাজধানীর গ্রিন রোডে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে ছয়জন শিক্ষক-গবেষককে তাঁদের উল্লেখযোগ্য গবেষণা ও প্রকাশনার জন্য পুরস্কৃত করা হয়। ইউএপির ৩০ বছর পূর্তি উদ্‌যাপনের অংশ হিসেবে ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (আইআরআইডি) এ অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ। বিশেষ অতিথি ছিলেন ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কে. এম. মোজিবুল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া।

পুরস্কারে ইউএপির সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ প্রথম স্থান অর্জন করে স্বর্ণপদক, ক্রেস্ট ও সনদ লাভ করেন। ফার্মেসি বিভাগের অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া ও অধ্যাপক ড. মোহাম্মদ শাহরিয়ার যথাক্রমে রৌপ্য ও ব্রোঞ্জ পদক, ক্রেস্ট ও সনদ পান।

এ ছাড়া গবেষণায় উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ অধ্যাপক ড. জেবুন নাহার মিরা, অধ্যাপক ড. এস এম আশরাফুল ইসলাম এবং অধ্যাপক ড. মো. আশরাফুল আলমকে অ্যাওয়ার্ড, ক্রেস্ট ও সনদ দিয়ে সম্মাননা জানানো হয়।

বিশেষ অতিথির বক্তব্যে ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কে. এম. মোজিবুল হক বলেন, বিশ্ববিদ্যালয়ের একাডেমিক উৎকর্ষের অন্যতম প্রধান ভিত্তি গবেষণা। গবেষণা ও উদ্ভাবনের স্বীকৃতি ইউএপিতে গবেষণাবান্ধব পরিবেশকে আরও শক্তিশালী করবে। দেশের বাস্তব সমস্যা সমাধানে কার্যকর ও জনকল্যাণমুখী গবেষণায় শিক্ষক-শিক্ষার্থীদের আরও সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান তিনি।

সভাপতির বক্তব্যে ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া বলেন, টেকসই একাডেমিক উৎকর্ষ অর্জনে গবেষণার কোনো বিকল্প নেই। শিক্ষক-গবেষকদের স্বীকৃতি তাঁদের উচ্চমানের গবেষণায় উৎসাহিত করবে এবং শিক্ষার্থীদের গবেষণায় সম্পৃক্ত হতে অনুপ্রাণিত করবে। আন্তর্জাতিক মানের প্রকাশনার পাশাপাশি জনকল্যাণে ব্যবহারযোগ্য গবেষণাকেও ইউএপি গুরুত্ব দিচ্ছে বলে জানান তিনি।

প্রধান অতিথির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ বলেন, উচ্চশিক্ষার মানোন্নয়ন ও দেশের উন্নয়নে গবেষণা ও উদ্ভাবন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। দেশে শক্তিশালী গবেষণা পরিবেশ গড়ে তুলতে ইউজিসি প্রতিশ্রুতিবদ্ধ।

তিনি বলেন, চলতি বছর করের বোঝা ৫ শতাংশ কমানো হয়েছে এবং আগামী বছর আরও ৫ শতাংশ কমানোর পরিকল্পনা রয়েছে। এ ছাড়া সরকারি ও বেসরকারি উভয় বিশ্ববিদ্যালয়ের গবেষকদের জন্য প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা ছাড়াই গবেষণা অর্থায়নের সুযোগ সৃষ্টির উদ্যোগ নেওয়া হচ্ছে। গবেষকদের ওপর বিনিয়োগ দেশের ভবিষ্যতের ওপর বিনিয়োগ বলেও মন্তব্য করেন তিনি।

উল্লেখ্য, ইউএপির কয়েকজন শিক্ষক-গবেষক বিশ্বের শীর্ষ ২ শতাংশ বিজ্ঞানীর তালিকায় স্থান পেয়েছেন। বিশ্ববিদ্যালয়টি কিউ১ ও কিউ২ জার্নালে প্রকাশনা বাড়ানোর ওপর গুরুত্ব দিচ্ছে।

অনুষ্ঠানে ইউএপি রিসার্চ পলিসি বুকলেট উন্মোচন করা হয়। বিভিন্ন বিভাগের গবেষণা কার্যক্রম প্রদর্শনের পাশাপাশি ইউএপির গবেষণা ও উদ্ভাবন কার্যক্রম এবং আইআরআইডি নিয়ে নির্মিত প্রমোশনাল ভিডিও প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানে ইউএপির ট্রাস্টি বোর্ডের সদস্য, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, শিক্ষক, কর্মকর্তা, গবেষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

https://dailybangladesheralo.com/news/capital/bt58la9spx

শিক্ষা সংবাদ

ইউএপি রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬ পেলেন ছয় শিক্ষক-গবেষক

গবেষণা, উদ্ভাবন ও একাডেমিক উৎকর্ষে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে ছয়জন শিক্ষক-গবেষককে 'ইউএপি রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬' প্রদান করেছে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি)। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ।

নিজস্ব প্রতিবেদক, ঢাকা: গবেষণা, উদ্ভাবন, জ্ঞানসৃষ্টি, মানসম্মত প্রকাশনা ও একাডেমিক উৎকর্ষে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে ছয়জন শিক্ষক-গবেষককে 'ইউএপি রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬' দিয়েছে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি)।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) রাজধানীর গ্রিন রোডে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে তাদের হাতে এই পুরস্কার তুলে দেওয়া হয়। ইউএপির ৩০ বছর পূর্তি উদ্‌যাপনের অংশ হিসেবে ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (আইআরআইডি) এই অনুষ্ঠানের আয়োজন করে।

এবারের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ইউএপির সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ প্রথম স্থান অর্জন করে স্বর্ণপদক, ক্রেস্ট ও সনদ লাভ করেছেন। এ ছাড়া ফার্মেসি বিভাগের অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া ও অধ্যাপক ড. মোহাম্মদ শাহরিয়ার যথাক্রমে রৌপ্য ও ব্রোঞ্জ পদক, ক্রেস্ট ও সনদ অর্জন করেন। পাশাপাশি গবেষণায় উল্লেখযোগ্য অবদানের জন্য আরও তিনজন শিক্ষক-গবেষককে ক্রেস্ট ও সনদ দিয়ে সম্মাননা জানানো হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ। বিশেষ অতিথি ছিলেন ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কে. এম. মোজিবুল হক এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া।

অনুষ্ঠানে ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কে. এম. মোজিবুল হক বলেন, বিশ্ববিদ্যালয়ের একাডেমিক উৎকর্ষের অন্যতম প্রধান ভিত্তি হলো গবেষণা। এই ধরনের গবেষণা ও উদ্ভাবনের স্বীকৃতি ইউএপিতে গবেষণাবান্ধব পরিবেশকে আরও শক্তিশালী করবে। এ সময় তিনি দেশের বাস্তব সমস্যা সমাধানে কার্যকর ও জনকল্যাণমুখী গবেষণায় শিক্ষক-শিক্ষার্থীদের আরও বেশি সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান।

সভাপতির বক্তব্যে অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া বলেন, টেকসই একাডেমিক উৎকর্ষ অর্জনে গবেষণার কোনো বিকল্প নেই। শিক্ষক-গবেষকদের এই স্বীকৃতি তাঁদের উচ্চমানের গবেষণায় উৎসাহিত করবে এবং শিক্ষার্থীদেরও গবেষণায় সম্পৃক্ত হতে অনুপ্রাণিত করবে।

তিনি আরও জানান, আন্তর্জাতিক মানের প্রকাশনার পাশাপাশি জনকল্যাণে ব্যবহারযোগ্য গবেষণাকেও ইউএপি বিশেষভাবে গুরুত্ব দিচ্ছে।

প্রধান অতিথির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ বলেন, উচ্চশিক্ষার মানোন্নয়ন এবং দেশের সামগ্রিক উন্নয়নে গবেষণা ও উদ্ভাবন অত্যন্ত গুরুত্বপূর্ণ। দেশে একটি শক্তিশালী গবেষণা পরিবেশ গড়ে তুলতে ইউজিসি সম্পূর্ণ প্রতিশ্রুতিবদ্ধ।

তিনি জানান, চলতি বছর করের বোঝা ৫ শতাংশ কমানো হয়েছে এবং আগামী বছর আরও ৫ শতাংশ কমানোর পরিকল্পনা রয়েছে। এ ছাড়া সরকারি ও বেসরকারি উভয় বিশ্ববিদ্যালয়ের গবেষকদের জন্য প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা ছাড়াই গবেষণা অর্থায়নের সুযোগ সৃষ্টির উদ্যোগ নেওয়া হচ্ছে। গবেষকদের ওপর বিনিয়োগ মানেই দেশের ভবিষ্যতের ওপর বিনিয়োগ বলে মন্তব্য করেন তিনি।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে ‘ইউএপি রিসার্চ পলিসি বুকলেট’ উন্মোচন করা হয় এবং বিভিন্ন বিভাগের গবেষণা কার্যক্রম প্রদর্শন করা হয়। এ সময় ইউএপির গবেষণা ও উদ্ভাবন কার্যক্রম এবং আইআরআইডি নিয়ে নির্মিত একটি প্রমোশনাল ভিডিও প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানে ইউএপির ট্রাস্টি বোর্ডের সদস্যবৃন্দ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, শিক্ষক, কর্মকর্তা, গবেষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ইউএপির বেশ কয়েকজন শিক্ষক-গবেষক ইতিমধ্যে বিশ্বের শীর্ষ দুই শতাংশ বিজ্ঞানীর তালিকায় স্থান পেয়েছেন এবং বিশ্ববিদ্যালয়টি বর্তমানে কিউ১ ও কিউ২ জার্নালে প্রকাশনা বাড়ানোর ওপর বিশেষ গুরুত্ব দিচ্ছে।

https://shikshasangbad.com/university/private/19191/

Asia post

ইউএপিতে ‘রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড’ অনুষ্ঠিত

ইউএপিতে ‘রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড’ অনুষ্ঠিত। ছবি: এশিয়া পোস্ট

গবেষণা, উদ্ভাবন, জ্ঞানসৃষ্টি, মানসম্মত প্রকাশনা ও একাডেমিক উৎকর্ষে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে ‘ইউএপি রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬’ প্রদান করেছে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি)।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) রাজধানীর গ্রীন রোডে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে উল্লেখযোগ্য গবেষণা ও প্রকাশনার জন্য ছয়জন শিক্ষক-গবেষককে পুরস্কৃত করা হয়। ইউএপির ৩০ বছর পূর্তি উদযাপনের অংশ হিসেবে ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (আইআরআইডি) এই অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান জনাব কে. এম. মোজিবুল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া।

প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করে স্বর্ণপদক, ক্রেস্ট ও সনদ লাভ করেন ইউএপির সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ। ফার্মেসি বিভাগের অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া ও অধ্যাপক ড. মোহাম্মদ শাহরিয়ার যথাক্রমে রৌপ্য ও ব্রোঞ্জ পদক, ক্রেস্ট ও সনদ লাভ করেন। এ ছাড়া গবেষণায় উল্লেখযোগ্য অবদানের জন্য আরও তিনজন শিক্ষক-গবেষককে ক্রেস্ট ও সনদ দিয়ে সম্মাননা জানানো হয়।

বিশেষ অতিথির বক্তব্যে ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান জনাব কে. এম. মোজিবুল হক বলেন, বিশ্ববিদ্যালয়ের একাডেমিক উৎকর্ষের অন্যতম প্রধান ভিত্তি হলো গবেষণা। গবেষণা ও উদ্ভাবনের এই

স্বীকৃতি ইউএপিতে গবেষণাবান্ধব পরিবেশকে আরও শক্তিশালী করবে। দেশের বাস্তব সমস্যা সমাধানে কার্যকর ও জনকল্যাণমুখী গবেষণায় শিক্ষক-শিক্ষার্থীদের আরও বেশি সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান তিনি।

সভাপতির বক্তব্যে ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া বলেন, টেকসই একাডেমিক উৎকর্ষ অর্জনে গবেষণার কোনো বিকল্প নেই। শিক্ষক-গবেষকদের এই স্বীকৃতি তাদের উচ্চমানের গবেষণায় উৎসাহিত করবে এবং শিক্ষার্থীদের গবেষণায় যুক্ত হতে অনুপ্রাণিত করবে। আন্তর্জাতিক মানের প্রকাশনার পাশাপাশি জনকল্যাণে ব্যবহারযোগ্য গবেষণাকে ইউএপি বিশেষ গুরুত্ব দিচ্ছে বলেও জানান তিনি।

প্রধান অতিথির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ বলেন, উচ্চশিক্ষার মানোন্নয়ন ও দেশের সার্বিক উন্নয়নে গবেষণা ও উদ্ভাবন অত্যন্ত গুরুত্বপূর্ণ। দেশে একটি শক্তিশালী গবেষণার পরিবেশ গড়ে তুলতে ইউজিসি প্রতিশ্রুতিবদ্ধ। চলতি বছর করের বোঝা ৫ শতাংশ কমানো হয়েছে এবং আগামী বছর তা আরও ৫ শতাংশ কমানোর পরিকল্পনা রয়েছে। এ ছাড়া সরকারি ও বেসরকারি উভয় বিশ্ববিদ্যালয়ের গবেষকদের জন্য প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা ছাড়াই গবেষণা অর্থায়নের সুযোগ সৃষ্টির উদ্যোগ নেওয়া হচ্ছে। তিনি বলেন, গবেষকদের পেছনে বিনিয়োগ মূলত দেশের ভবিষ্যতের ওপরই বিনিয়োগ।

উল্লেখ্য, ইউএপির কয়েকজন শিক্ষক-গবেষক বিশ্বের শীর্ষ দুই শতাংশ বিজ্ঞানীর তালিকায় স্থান পেয়েছেন। বর্তমানে কিউ১ ও কিউ২ জার্নালে প্রকাশনা বাড়ানোর ওপর বিশেষ গুরুত্ব দিচ্ছে বিশ্ববিদ্যালয়টি।

অনুষ্ঠানে ‘ইউএপি রিসার্চ পলিসি বুকলেট’ উন্মোচন করা হয়। এর পাশাপাশি বিভিন্ন বিভাগের গবেষণা কার্যক্রম প্রদর্শন এবং ইউএপির গবেষণা ও উদ্ভাবন কার্যক্রম ও আইআরআইডি নিয়ে নির্মিত একটি প্রমোশনাল ভিডিও প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে ইউএপির ট্রাস্টি বোর্ডের সদস্যবৃন্দ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, শিক্ষক, কর্মকর্তা, গবেষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

https://shorturl.at/n25ai

আগামীর সময়

ইউএপিতে রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬

ইউএপিতে অনুষ্ঠিত হয়েছে ‘ইউএপি রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬’। ছবি: সংগৃহীত

রাজধানীর ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে (ইউএপি) অনুষ্ঠিত হয়েছে ‘ইউএপি রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬’। গবেষণা, উদ্ভাবন, জ্ঞানসৃষ্টি, মানসম্মত প্রকাশনা ও একাডেমিক উৎকর্ষে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি দিতে মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ের ছয়জন শিক্ষক-গবেষককে দেওয়া হয় এ পুরস্কার।

ইউএপির ৩০ বছর পূর্তি উদ্‌যাপনের অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (আইআরআইডি) আয়োজন করে এ অনুষ্ঠানের। রাজধানীর গ্রীন রোডে ইউএপির স্থায়ী ক্যাম্পাসের মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ। বিশেষ অতিথি ছিলেন ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কে. এম. মোজিবুল হক। সভাপতিত্ব করেন ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া।

পুরস্কারে প্রথম স্থান অর্জন করেন ইউএপির সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ। স্বর্ণপদক, ক্রেস্ট ও সনদ লাভ করেন তিনি। ফার্মেসি বিভাগের অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া ও অধ্যাপক ড. মোহাম্মদ শাহরিয়ার যথাক্রমে রৌপ্য ও ব্রোঞ্জ পদক, ক্রেস্ট আর সনদ পান। গবেষণায় উল্লেখযোগ্য অবদানের জন্য আরও তিনজন শিক্ষক-গবেষককে ক্রেস্ট ও সনদ দিয়ে সম্মাননা জানানো হয়।

বিশেষ অতিথির বক্তব্যে ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কে. এম. মোজিবুল হক জানান, বিশ্ববিদ্যালয়ের একাডেমিক উৎকর্ষের অন্যতম প্রধান ভিত্তি গবেষণা। গবেষণা ও উদ্ভাবনের স্বীকৃতি ইউএপিতে গবেষণাবান্ধব পরিবেশ আরও শক্তিশালী করবে। দেশের বাস্তব সমস্যা সমাধানে কার্যকর ও জনকল্যাণমুখী গবেষণায় শিক্ষক-শিক্ষার্থীদের আরও সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান তিনি।

সভাপতির বক্তব্যে ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া বলেন, টেকসই একাডেমিক উৎকর্ষ অর্জনে গবেষণার বিকল্প নেই। শিক্ষক-গবেষকদের স্বীকৃতি তাঁদের উচ্চমানের গবেষণায় উৎসাহিত করবে এবং শিক্ষার্থীদের গবেষণায় সম্পৃক্ত হতে অনুপ্রাণিত করবে। আন্তর্জাতিক মানের প্রকাশনার পাশাপাশি জনকল্যাণে ব্যবহারযোগ্য গবেষণাকে ইউএপি গুরুত্ব দিচ্ছে বলেও জানান তিনি।

প্রধান অতিথির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ উল্লেখ করেন, উচ্চশিক্ষার মানোন্নয়ন ও দেশের উন্নয়নে গবেষণা ও উদ্ভাবন গুরুত্বপূর্ণ। দেশে শক্তিশালী গবেষণার পরিবেশ গড়ে তুলতে ইউজিসি প্রতিশ্রুতিবদ্ধ। চলতি বছর করের বোঝা ৫ শতাংশ কমানো হয়েছে এবং আগামী বছর আরও ৫ শতাংশ কমানোর পরিকল্পনা রয়েছে। সরকারি ও বেসরকারি উভয় বিশ্ববিদ্যালয়ের গবেষকদের জন্য প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা ছাড়াই গবেষণা অর্থায়নের সুযোগ সৃষ্টির উদ্যোগ নেওয়া হচ্ছে বলেও জানান তিনি। তার ভাষ্য, গবেষকদের ওপর বিনিয়োগ দেশের ভবিষ্যতের ওপর বিনিয়োগ।

বিশ্বের শীর্ষ দুই শতাংশ বিজ্ঞানীর তালিকায় স্থান পেয়েছেন ইউএপির কয়েকজন শিক্ষক-গবেষক। বিশ্ববিদ্যালয়টি কিউ১ ও কিউ২ জার্নালে গবেষণাপত্র প্রকাশ বাড়ানোর ওপরও গুরুত্ব দিচ্ছে।

অনুষ্ঠানে ইউএপি রিসার্চ পলিসি বুকলেট উন্মোচন করা হয়। বিভিন্ন বিভাগের গবেষণা কার্যক্রম প্রদর্শনের পাশাপাশি ইউএপির গবেষণা ও উদ্ভাবন কার্যক্রম এবং আইআরআইডি নিয়ে নির্মিত প্রচারমূলক ভিডিও প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে আরও ছিলেন ইউএপির ট্রাস্টি বোর্ডের সদস্য, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, শিক্ষক, কর্মকর্তা, গবেষক ও শিক্ষার্থীরা।

https://www.agamirsomoy.com/education/campus/sti8wfznt8th

মানবজমিন

যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়কে পিএইচডির সুযোগ দেয়ার কথা ভাবছে ইউজিসি

দেশের সক্ষম ও যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে পিএইচডি ডিগ্রি দেয়ার সুযোগ দেয়ার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)। তবে এ ক্ষেত্রে গবেষণার মান, একাডেমিক সক্ষমতা ও সততা নিশ্চিত করতে নির্দিষ্ট মানদণ্ড অনুসরণ করা হবে বলে জানিয়েছেন ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ।

মঙ্গলবার ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) 'রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬' প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ইউজিসি চেয়ারম্যান বলেন, দেশের সব বেসরকারি বিশ্ববিদ্যালয়কে পিএইচডি ডিগ্রি দেয়ার অনুমতি দেয়া হবে না। প্রয়োজনীয় অবকাঠামো, যোগ্য শিক্ষক, গবেষণা সক্ষমতা ও একাডেমিক পরিবেশ রয়েছেÑএমন বিশ্ববিদ্যালয়গুলোকে নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে এ সুযোগ দেয়ার বিষয়টি বিবেচনা করা হচ্ছে।

পিএইচডি গবেষণার মান নিশ্চিত করার ওপর গুরুত্ব দিয়ে অধ্যাপক মামুন আহমেদ বলেন, গবেষণার ক্ষেত্রে কোনো ধরনের অনিয়মের অভিযোগ যেন না ওঠে, সে বিষয়ে সতর্ক থাকতে হবে। তার ভাষায়, আমরা চাই মানসম্মত গবেষণা এবং সেই মানসম্মত গবেষণার মাধ্যমে মানসম্মত পিএইচডি।

দেশে যোগ্য শিক্ষক ও গবেষকের ঘাটতি রয়েছে উল্লেখ করে তিনি বলেন, এ সংকট মোকাবিলায় পিএইচডি ও পোস্টডক্টরাল গবেষণার সুযোগ আরও বাড়ানো প্রয়োজন। গবেষণার পরিধি বাড়ানোর পাশাপাশি এর গুণগত মান নিশ্চিত করাও জরুরি।

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ব্যবস্থাপনা নিয়েও কথা বলেন ইউজিসি চেয়ারম্যান। তিনি বলেন, ট্রাস্টি বোর্ড ও একাডেমিক প্রশাসনকে নিজ নিজ দায়িত্বের সীমারেখা মেনে কাজ করতে হবে। ট্রাস্টি বোর্ড বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রশাসনের কাজে হস্তক্ষেপ করবে নাÑএটাই কাক্সিক্ষত। বর্তমানে ট্রাস্টি

বোর্ডের অভ্যন্তরীণ দ্বন্দ্বের পাশাপাশি ট্রাস্টি বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রশাসনের মধ্যকার বিরোধও ইউজিসিকে সামলাতে হচ্ছে বলে জানান তিনি।

বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০-এ সংশ্লিষ্টদের দায়িত্ব ও ভূমিকা স্পষ্টভাবে নির্ধারণ করা হয়েছে উল্লেখ করে অধ্যাপক মামুন আহমেদ বলেন, সবাই নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করলে এ ধরনের বিরোধ সৃষ্টি হওয়ার কথা নয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউএপির ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া। বক্তব্য দেন ইউএপির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান কে এম মোজিবুল হক এবং বিশ্ববিদ্যালয়টির ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের পরিচালক অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ।

https://www.mzamin.com/article/39856

দৈনিক কালবেলা

যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পিএইচডির সুযোগ দেবে ইউজিসি

দেশের যোগ্য ও সক্ষম বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে পিএইচডি ডিগ্রি প্রদানের সুযোগ দেওয়ার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। তবে গবেষণার মান ও একাডেমিক সততা নিশ্চিত করেই এ সুযোগ দেওয়া হবে।

গতকাল রাজধানীর গ্রিন রোডে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) 'রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬' প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ এ কথা বলেন।

তিনি বলেন, সব বেসরকারি বিশ্ববিদ্যালয় পিএইচডি ডিগ্রি দেওয়ার সুযোগ পাবে না। প্রয়োজনীয় যোগ্যতা ও সক্ষমতা থাকা বিশ্ববিদ্যালয়গুলোকে নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে এ সুযোগ দেওয়া হবে।

পিএইচডি ডিগ্রি অর্জনের ক্ষেত্রে অনিয়মের অভিযোগ যাতে না ওঠে, সে জন্য গবেষণার মান নিশ্চিত করার ওপর জোর দেন ইউজিসি চেয়ারম্যান।

মামুন আহমেদ বলেন, ‘আমরা চাই মানসম্মত গবেষণা এবং সেই মানসম্মত গবেষণার মাধ্যমে মানসম্মত পিএইচডি।’

ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন ইউএপির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান কে এম মোজিবুল হক এবং বিশ্ববিদ্যালয়টির ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের পরিচালক অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ।

https://www.kalbela.com/ajkerpatrika/khobor/326411

দৈনিক সকালের সময়
বস্তুনিষ্ঠ সংবাদের অগ্রপথিক

ইউএপিতে রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬

রাজধানীর ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে (ইউএপি) অনুষ্ঠিত হয়েছে ‘ইউএপি রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৬’। গবেষণা, উদ্ভাবন, জ্ঞানসৃষ্টি, মানসম্মত প্রকাশনা ও একাডেমিক উৎকর্ষে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি দিতে মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ের ছয়জন শিক্ষক-গবেষককে দেওয়া হয় এ পুরস্কার।

ইউএপির ৩০ বছর পূর্তি উদ্‌যাপনের অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট ফর রিসার্চ, ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (আইআরআইডি) আয়োজন করে এ অনুষ্ঠানের। রাজধানীর গ্রীন রোডে ইউএপির স্থায়ী ক্যাম্পাসের মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ। বিশেষ অতিথি ছিলেন ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কে. এম. মোজিবুল হক। সভাপতিত্ব করেন ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া।

পুরস্কারে প্রথম স্থান অর্জন করেন ইউএপির সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাঈদ। স্বর্ণপদক, ক্রেস্ট ও সনদ লাভ করেন তিনি। ফার্মেসি বিভাগের অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া ও অধ্যাপক ড. মোহাম্মদ শাহরিয়ার যথাক্রমে রৌপ্য ও ব্রোঞ্জ পদক, ক্রেস্ট আর সনদ পান। গবেষণায়

উল্লেখযোগ্য অবদানের জন্য আরও তিনজন শিক্ষক-গবেষককে ক্রেস্ট ও সনদ দিয়ে সম্মাননা জানানো হয়।

বিশেষ অতিথির বক্তব্যে ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কে. এম. মোজিবুল হক জানান, বিশ্ববিদ্যালয়ের একাডেমিক উৎকর্ষের অন্যতম প্রধান ভিত্তি গবেষণা। গবেষণা ও উদ্ভাবনের স্বীকৃতি ইউএপিতে গবেষণাবান্ধব পরিবেশ আরও শক্তিশালী করবে। দেশের বাস্তব সমস্যা সমাধানে কার্যকর ও জনকল্যাণমুখী গবেষণায় শিক্ষক-শিক্ষার্থীদের আরও সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান তিনি।

সভাপতির বক্তব্যে ইউএপির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মহিউদ্দিন আহমেদ ভূঁইয়া বলেন, টেকসই একাডেমিক উৎকর্ষ অর্জনে গবেষণার বিকল্প নেই। শিক্ষক-গবেষকদের স্বীকৃতি তাঁদের উচ্চমানের গবেষণায় উৎসাহিত করবে এবং শিক্ষার্থীদের গবেষণায় সম্পৃক্ত হতে অনুপ্রাণিত করবে। আন্তর্জাতিক মানের প্রকাশনার পাশাপাশি জনকল্যাণে ব্যবহারযোগ্য গবেষণাকে ইউএপি গুরুত্ব দিচ্ছে বলেও জানান তিনি।

প্রধান অতিথির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ উল্লেখ করেন, উচ্চশিক্ষার মানোন্নয়ন ও দেশের উন্নয়নে গবেষণা ও উদ্ভাবন গুরুত্বপূর্ণ। দেশে শক্তিশালী গবেষণার পরিবেশ গড়ে তুলতে ইউজিসি প্রতিশ্রুতিবদ্ধ। চলতি বছর করের বোঝা ৫ শতাংশ কমানো হয়েছে এবং আগামী বছর আরও ৫ শতাংশ কমানোর পরিকল্পনা রয়েছে। সরকারি ও বেসরকারি উভয় বিশ্ববিদ্যালয়ের গবেষকদের জন্য প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা ছাড়াই গবেষণা অর্থায়নের সুযোগ সৃষ্টির উদ্যোগ নেওয়া হচ্ছে বলেও জানান তিনি। তার ভাষ্য, গবেষকদের ওপর বিনিয়োগ দেশের ভবিষ্যতের ওপর বিনিয়োগ।

বিশ্বের শীর্ষ দুই শতাংশ বিজ্ঞানীর তালিকায় স্থান পেয়েছেন ইউএপির কয়েকজন শিক্ষক-গবেষক। বিশ্ববিদ্যালয়টি কিউ১ ও কিউ২ জার্নালে গবেষণাপত্র প্রকাশ বাড়ানোর ওপরও গুরুত্ব দিচ্ছে।

অনুষ্ঠানে ইউএপি রিসার্চ পলিসি বুকলেট উন্মোচন করা হয়। বিভিন্ন বিভাগের গবেষণা কার্যক্রম প্রদর্শনের পাশাপাশি ইউএপির গবেষণা ও উদ্ভাবন কার্যক্রম এবং আইআরআইডি নিয়ে নির্মিত প্রচারমূলক ভিডিও প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে আরও ছিলেন ইউএপির ট্রাস্টি বোর্ডের সদস্য, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, শিক্ষক, কর্মকর্তা, গবেষক ও শিক্ষার্থীরা।

https://dailysokalersomoy.com/news/162243